সমকাল

তারিখ 10 APR 2015
পৃষ্ঠা 2 কলাম

# জালিয়াতির অভিযোগে ঢাবির ৩ ছাত্র বহিষ্কার

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

উপাচার্যের স্বাক্ষর জালিয়াতি করার দায়ে তিন ছাত্রকে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের মর্যাদা ও আইনবিরুদ্ধ কাজ করায় তাদের বহিষ্কারের সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে গতকাল বৃহস্পতিবার এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়।

বহিষ্কৃতরা হলেন সংগীত বিভাগের মাস্টার্সের ছাত্র দেবাশীষ শিকদার সিদ্ধার্থ; আরবি বিভাগের প্রথম বর্ষের ছাত্র মাহমুদুল হাসান (মুহিব) এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের মাস্টার্সের ছাত্র মো. আবু দাউদ। তাদের মধ্যে সিদ্ধার্থ বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের স্কুল ও ছাত্রবিষয়ক সম্পাদক ছিলেন। তাকে এরই মধ্যে সংগঠন থেকেও বহিষ্কার করা হয়েছে।

উপাচার্যের স্বাক্ষর নকল করে ইউনিভার্সিটি ল্যাবরেটরি স্কুল অ্যান্ড কলেজে ৮০ হাজার টাকার বিনিময়ে দুই ছাত্রকে ভর্তি করাতে গেলে বুধবার সিদ্ধার্থসহ কয়েকজন হাতেনাতে ধরা পড়ে। ঘটনার সঙ্গে মাহমুদুল ও আবু দাউদ জড়িত বলে প্রমাণিত হয়।